ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৫৭৯

আগরতলা, ২৮ আগস্ট, ২০২৫

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের আইইসি/বিসিসি কার্যক্রমের সঙ্গে যুক্ত বিভিন্ন স্তরের কর্মীদের নিয়ে রাজ্যস্তরীয় পর্যালোচনা সভা**



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব, কিরণ গিত্যে'রসভাপতিত্বে সচিবালয়ের ৩-নং কনফারেন্স হলে আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের আইইসি/বিসিসি কার্যক্রমের সঙ্গে যুক্ত বিভিন্ন স্তরের কর্মীদের নিয়ে রাজ্যস্তরীয় এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এই পর্যালোচনা সভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের রাজ্য স্তরের পাশাপাশি জেলা স্তরে মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ে কর্মরত আইইসি/বিসিসি কার্যক্রমের সঙ্গে যুক্ত কর্মীগণ,আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ডজিবিপি হাসপাতাল,আগরতলা গভর্নমেন্টডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতাল,ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি,এবিপিএমজেএওয়াই এবং জাতীয় স্বাস্থ্য মিশন-এর বিভিন্ন কর্মসূচিরআইইসি/বিসিসি কার্যক্রমের সঙ্গে যুক্তপ্রচার শাখার কর্মীরা অংশগ্রহণ করেন। সভায় স্বাস্থ্য সচিব জেলা ভিত্তিকমুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মীদের বিভিন্ন কর্মসূচির বাস্তাবায়ন গুলি নিয়ে পর্যালোচনা করেন। এছাড়াও তিনি রাজ্যেরজেলা হাসপাতাল ও মহকুমা হাসপাতালগুলিতে বিভিন্ন ইতিবাচক ও প্রসংশনীয়কর্মকাণ্ডগুলিকে ফেইসবুক, এক্স-হেন্ডেল,ইলেকট্রনিক্স মিডিয়া ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে জনগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের উপর গুরুত্ব আরোপ করেন।সোশ্যাল মিডিয়ায় দপ্তরের নানা কর্মকান্ড সম্পর্কে জনগণকে ওয়াকিবহাল করার জন্য দপ্তরের আইইসি/বিসিসি কার্যক্রমের সঙ্গে যুক্ত বিভিন্ন স্তরের কর্মীদেরতিনি নির্দেশ দেন। এই পর্যালোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকারের যুগ্ম অধিকর্তা ডাঃ অলক দেওয়ান, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের যুগ্ম অধিকর্তা ডাঃ নির্মল সরকার, রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির সদস্য সচিব ডাঃ নূপুর দেববর্মা,আট জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকগণ সহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরেরআইইসি/বিসিসি-এর ব্রাঞ্চ অফিসার পারিজাত দত্ত প্রমুখ।

*******